পরিচালকের দপ্তর
কম্পিউটার উইং, বিবিএস

সি.সি. এনালিস্ট (সিস্টেম) | * দ্রুত উপস্থাপন করুন
যুগ্মপরিচালক | * প্রস্তাবসহ উপস্থাপন করুন
সি এনালিস্ট/সি. প্রোগ্রামার (প্রোগ্রামিং/কোডিং/জিওকোড) | * প্রয়োজনীয় ব্যবস্থা নিন
সি. এনালিস্ট/সি. প্রোগ্রামার (ডাটা প্রসেসিং/ওয়েবসাইট) | * আলোচনা করুন
উপপরিচালক (প্রশাসন/হিসাব) | * সংশ্লিষ্টদের অবহিত করুন
সি./মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার | * নথিজাত করুন
প্রকল্প পরিচালক (......................) | * ওয়েবসাইটে দিন
ফোকাল পয়েন্ট (......................) | * নোটিশ বোর্ড
ব্যক্তিগত সহকারী
ডায়েরী নম্বর. ৪০৬৫
তারিখ ২০/৩/২৫ | পরিচালক

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
এফএ অ্যান্ড এমআইএস উইং
পরিসংখ্যান ভবন
ই-২৭/এ, আগারগাঁও, ঢাকা-১২০৭
www.bbs.gov.bd

নম্বর: ৫২.০১.০০০০.১০১.২৩.০০৭.২২.১০২২

তারিখঃ ০৫ চৈত্র ১৪৩১ / ১৯ মার্চ ২০২৫

সংযুক্ত পত্রের মর্মানুযায়ী পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এর ১৮ মার্চ ২০২৫ খ্রি. তারিখের ৫২.০০.০০০০.০০৬. ২৩.০০৩.২৫.১৬৫ সংখ্যক মোতাবেক '২৫ মার্চ গণহত্যা দিবস ২০২৫' এবং '২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৫' পালনের জন্য পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তঃ ০৪ (চার) পাতা।

১৯/০৩/২৫

এইচ,এম, ফিরোজ
পরিচালক (ভারপ্রাপ্ত)
ফোন: ৫৫০০৭০৬৮
ই-মেইল: firozrsobbs@gmail.com

বিতরণঃ সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

(০১) পরিচালক (সকল) ........................................................................উইং, বিবিএস, ঢাকা।
(০২) পরিচালক, কম্পিউটার উইং, বিবিএস, ঢাকা (বিবিএস এর ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।
(০৩) প্রকল্প পরিচালক (সকল), ........................................................................প্রকল্প, বিবিএস, ঢাকা।
(০৪) বিভাগীয় পরিসংখ্যান কার্যালয় (সকল) ..........................(অধীন সকল জেলা/উপজেলা/মেট্রো থানা পরিসংখ্যান কার্যালয়-কে সিদ্ধান্ত বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
(০৫) স্টাফ অফিসার, মহাপরিচালকের দপ্তর, বিবিএস, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
(০৬) স্টাফ অফিসার, উপমহাপরিচালকের দপ্তর, বিবিএস, ঢাকা (উপমহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
(০৭) অফিস কপি।

খ. ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস:

| ক্র: নং | কর্মসূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১. | জাতীয় পতাকা উত্তোলন ২৬-০৩-২০২৫ | সকল সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত এবং বেসরকারি ভবনে সূর্যোদয়ের সাথে সাথে জাতীয় পতাকা উত্তোলনের নির্দেশনা রয়েছে। আবহাওয়া অধিদপ্তরের তথ্য মতে ৫টা ৫৬ মিনিট ৩৬ সেকেন্ডে পরিসংখ্যান ভবনের সামনে মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক সঠিক মাপ এবং রং এর জাতীয় পতাকা উত্তোলনের বিষয়ে আলোচনা হয়। | পরিসংখ্যান ভবনের সামনে সঠিক মাপ এবং রং এর জাতীয় পতাকা সূর্যোদয়ের সাথে সাথে ৫টা ৫৬ মিনিট ৩৬ সেকেন্ডে উত্তোলন নিশ্চিত করতে হবে। | মহাপরিচালক, বিবিএস |
| ২. | মোনাজাত/ প্রার্থনা ২৬-০৩-২০২৫ | সভায় জাতির শান্তি, সমৃদ্ধি, দেশের উন্নয়ন ও অগ্রগতি কামনা করে ২৬-০৩-২০২৫ তারিখ বাদ যোহর পরিসংখ্যান ভবনের মসজিদে দোয়ার আয়োজনের বিষয়ে আলোচনা হয়। | ২৬-০৩-২০২৫ তারিখ বাদ যোহর পরিসংখ্যান ভবনের মসজিদে দোয়ার আয়োজন করতে হবে। | মহাপরিচালক, বিবিএস |
| ৩. | আলোকসজ্জা ২৬-০৩-২০২৫ | ২৬ মার্চ ২০২৫ তারিখে পরিসংখ্যান ভবনে আলোকসজ্জার জন্য পূর্বেই প্রস্তুতি গ্রহণ করার বিষয় আলোচনা হয়। একই সাথে ২৫-০৩-২০২৫ তারিখে কোন অবস্থাতেই আলোকসজ্জার লাইট না জ্বলে সে বিষয়ে সাবধানতা অবলম্বন করার জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন। | শুধুমাত্র ২৬ মার্চ ২০২৫ তারিখ পরিসংখ্যান ভবনে আলোকসজ্জা করতে হবে। | মহাপরিচালক, বিবিএস |
| ৪. | জাতীয় অনুষ্ঠানে কর্মকর্তাদের অংশগ্রহণ: | ২৬ মার্চ জাতীয় অনুষ্ঠানে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর যেসকল কর্মকর্তা আমন্ত্রণপত্র পাবেন, তারা উক্ত অনুষ্ঠানে অংশগ্রহণ করবেন মর্মে সভায় আলোচনা হয়। | জাতীয় অনুষ্ঠানে আমন্ত্রণ প্রাপ্তি সাপেক্ষে কর্মকর্তাদের অংশগ্রহণ করতে হবে। | সংশ্লিষ্ট কর্মকর্তাগণ |
| ৫. | বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর মাঠ পর্যায়ে কার্যালয়ে দিবস দু'টি উদ্‌যাপন। | মাঠপর্যায়ে অবস্থিত বিবিএস-এর অফিসসমূহ বিভাগীয়, জেলা ও উপজেলা প্রশাসনের গৃহীত কর্মসূচির সঙ্গে সমন্বয় করে '২৫ মার্চ গণহত্যা দিবস ২০২৫' এবং '২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৫' যথাযোগ্য মর্যাদায় পালন করার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | মাঠ পর্যায়ে অবস্থিত বিবিএস-এর অফিসসমূহ বিভাগীয়, জেলা ও উপজেলা প্রশাসনের গৃহীত কর্মসূচির সঙ্গে সমন্বয় করে '২৫ মার্চ গণহত্যা দিবস ২০২৫' পালন এবং '২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৫' যথাযোগ্য মর্যাদায় পালন করবে। | মহাপরিচালক, বিবিএস |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
প্রশাসন-২ অধিশাখা
www.sid.gov.bd

'২৫ মার্চ গণহত্যা দিবস ২০২৫' এবং '২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৫' পালনের নিমিত্ত পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর সংশ্লিষ্ট কর্মকর্তাগণের অংশগ্রহণে প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী:

সভাপতি : মিজ আলেয়া আক্তার
সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
তারিখ ও সময় : ১১ মার্চ ২০২৫ দুপুর ১২.০০ টা
স্থান : পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ-এর সম্মেলন কক্ষ (ব্লক-এ)।

২. সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে যুগ্মসচিব (প্রশাসন) '২৫ মার্চ গণহত্যা দিবস ২০২৫' এবং '২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৫' উদযাপনের বিষয়ে সকলকে অবহিত করেন। অত:পর উপসচিব, প্রশাসন-২ অধিশাখা, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ-কে সভার কার্যপত্র উপস্থাপনের জন্য অনুরোধ করেন।

৩. সভায় অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ জানান যে, ২৬ মার্চ ২০২৫ তারিখ আলোকসজ্জা করার জন্য পূর্বেই প্রস্তুতি নিতে হবে। তবে কোনো অবস্থাতেই ২৫ মার্চ ২০২৫ তারিখ রাতে আলোকসজ্জার লাইট না জ্বলে এবং ২৫ মার্চ ২০২৫ তারিখ বাদ যোহর পরিসংখ্যান ভবনের মসজিদে দোয়া অনুষ্ঠানের আয়োজনের বিষয়ে সভায় উল্লেখ করেন।

৪. সভাপতি মহোদয় দিবস দু'টি যথাযোগ্য মর্যাদায় পালনের জন্য মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের আন্ত:মন্ত্রণালয় সভার কার্যবিবরণী অনুযায়ী আলোকসজ্জা, প্রতীকী ব্লাক-আউট, পতাকা উত্তোলন ও মোনাজাত/প্রার্থনার বিষয়ে সুনির্দিষ্ট করে কার্যক্রম, তারিখ ও বাস্তবায়নকারী কার্যবিবরণীতে উল্লেখ করার নির্দেশনা প্রদান করেন। একই সাথে কার্যক্রমসমূহ তদারকি করার জন্য ০৩ (তিন) সদস্যের একটি কমিটি গঠনের নির্দেশনা প্রদান করেন।

৫. সভায় বিস্তারিত আলোচনাক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক. ২৫ মার্চ গণহত্যা দিবস:

| ক্র: নং | কর্মসূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১. | মোনাজাত/ প্রার্থনা ২৫-০৩-২০২৫ | ২৫ মার্চ রাতে নিহতদের স্মরণে ২৫-০৩-২০২৫ তারিখ বাদ যোহর পরিসংখ্যান ভবনের মসজিদে দোয়া অনুষ্ঠান আয়োজনের বিষয়ে সভায় আলোচনা হয়। | (ক) ২৫-০৩-২০২৫ তারিখ বাদ যোহর পরিসংখ্যান ভবনের মসজিদে ২৫ মার্চে নিহতদের স্মরণে দোয়া অনুষ্ঠানের আয়োজন করতে হবে। | মহাপরিচালক, বিবিএস |
| ২. | আলোকসজ্জা ২৫-৩-২০২৫ | ২৫ মার্চ ২০২৫ তারিখ রাতে পরিসংখ্যান ভবনে কোনো অবস্থাতেই আলোকসজ্জা করা যাবে না মর্মে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | ২৫ মার্চ ২০২৫ তারিখ রাতে পরিসংখ্যান ভবনে কোনো অবস্থাতেই আলোকসজ্জা করা যাবে না। | মহাপরিচালক, বিবিএস |
| ৩. | প্রতীকী ব্লাক-আউট ২৫-০৩-২০২৫ | সভায় পরিসংখ্যান ভবনে ২৫-০৩-২০২৫ তারিখ রাতে ১০.৩০ মিনিট হতে ১০.৩১ পর্যন্ত ১ (এক) মিনিট প্রতীকী ব্লাক-আউট পালনের বিষয়ে পরিসংখ্যান ভবনের কম্পিউটার সার্ভার সচল রেখে সকল লাইট বন্ধ রাখার বিষয়ে আলোচনা হয়। | ২৫-০৩-২০২৫ তারিখে পরিসংখ্যান ভবনের কম্পিউটার সার্ভার সচল রেখে পরিসংখ্যান ভবনের সকল লাইট রাত ১০.৩০ হতে ১০.৩১ পর্যন্ত ০১ (এক) মিনিট বন্ধ রাখতে হবে। | মহাপরিচালক, বিবিএস |

| ক্র: নং | কর্মসূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ৬. | কমিটি গঠন | '২৫ মার্চ গণহত্যা দিবস ২০২৫' পালন এবং '২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৫' পালনের নিমিত্ত যুগ্মসচিব (প্রশাসন), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এর সভাপতিত্বে ০৩ (তিন) সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠনের বিষয়ে আলোচনা হয়। | দিবস দু'টি পালনের নিমিত্ত এ বিভাগের যুগ্মসচিব (প্রশাসন), আহবায়ক, উপসচিব (প্রশাসন-২ অধিশাখা) সদস্য এবং পরিচালক (ভারপ্রাপ্ত), এফএ এন্ড এমআইএস উইং (বিবিএস) সদস্য-সচিব করে ০৩ (তিন) সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করতে হবে (পরিশিষ্ট-ক)। | উপসচিব, প্রশাসন-২ |
| ৭. | পরিকল্পনা মন্ত্রণালয় কর্তৃক আয়োজিত সমন্বিত অনুষ্ঠানে অংশগ্রহণ | '২৫ মার্চ গণহত্যা দিবস ২০২৫' পালন এবং '২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৫' উপলক্ষ্যে পরিকল্পনা মন্ত্রণালয় কর্তৃক আয়োজিত সমন্বিত অনুষ্ঠানে অংশগ্রহণের আমন্ত্রণপত্র পাওয়া গেলে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর কর্মকর্তাগণ যৌথভাবে পরিকল্পনা মন্ত্রণালয়ের আয়োজিত অনুষ্ঠানে অংশগ্রহণ করবেন। যদি পরিকল্পনা মন্ত্রণালয় সমন্বিত অনুষ্ঠানের আয়োজন না করে তাহলে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ ও বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো যৌথভাবে নির্ধারিত সময়ে '২৫ মার্চ গণহত্যা দিবস ২০২৫' পালন এবং '২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৫' পালনের উদ্যোগ গ্রহণ করবে। | পরিকল্পনা মন্ত্রণালয় কর্তৃক আয়োজিত সমন্বিত অনুষ্ঠানে অংশগ্রহণের আমন্ত্রণপত্র পাওয়া গেলে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর কর্মকর্তাগণ যৌথভাবে পরিকল্পনা মন্ত্রণালয়ের আয়োজিত অনুষ্ঠানে অংশগ্রহণ করতে হবে। | উপসচিব, প্রশাসন-২ |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৭।৩।২৫

আলেয়া আক্তার
সচিব
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ